# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/পঞ্চগড়-৩৪/ ৯৭ তারিখ: ১৬ ভাদ্র ১৪৩২ / ৩১ আগষ্ট ২০২৫

বিষয়ঃ অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পঞ্চগড় জেলার আটোয়ারী উপজেলাধীন লক্ষীপুর ইসলামিয়া আলিম মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও এডহক কমিটির সভাপতির বিরুদ্ধে অবৈধভাবে অধ্যক্ষ মো; আব্দুল মতিন সরকার কে বরখাস্ত করেছেন মর্মে একটি অভিযোগ দাখিল করেছেন।

এমতাবস্থায়, অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৩১.৮.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
আটোয়ারী, পঞ্চগড়।

৩১/০৮/২৫

নং-বামাশিবো/প্রশা/ পঞ্চগড়-৩৪/ ৯৭/১ তারিখ: ১৬ ভাদ্র ১৪৩২ / ৩১ আগষ্ট ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, পঞ্চগড়;
২. জেলা শিক্ষা অফিসার, পঞ্চগড়;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আটোয়ারী, পঞ্চগড়;
৪. ভারপ্রাপ্ত অধ্যক্ষ, লক্ষীপুর ইসলামিয়া আলিম মাদ্রাসা, আটোয়ারী, পঞ্চগড়;
৫. সভাপতি, লক্ষীপুর ইসলামিয়া আলিম মাদ্রাসা, আটোয়ারী, পঞ্চগড়;
৬. জনাব মোঃ আব্দুল মতিন সরকার (অভিযোগকারী), তাতপতাড়া, ডাকঘর: ফুটকিবাড়ী, আটোয়ারী, পঞ্চগড়;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

৩১.০৮.২৫
মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

৩১/০৮/২৫

C:\Users\BMEB\Desktop\অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন জসীম.doc

# লক্ষীপুর ইসলামীয়া আলিম মাদ্‌রাসা

ডাকঘর : মির্জাপুর উপজেলা : আটোয়ারী, জেলা : পঞ্চগড়
**স্থাপিত : ১৯৫৯ইং**
**Code : 15307, EIIN : 125850**

স্মারক নং তারিখ : ১৯/০৮/২০২৫ইং

বরাবর
চেয়ারম্যান মহোদয়,
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড
বকশিবাজার, ঢাকা-১২১১।

**বিষয়: অন্যায়, অনিয়ম ও বেআইনীভাবে এডহক কমিটির মাধ্যমে অধ্যক্ষ কে সাময়িক বরখাস্ত করে এবং শিক্ষা মন্ত্রণালয়ের আদেশ ৬০ (ষাট) দিনের বেশি সময় ধরে সাময়িক বরখাস্ত না রাখার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।**

মহোদয়,

যথাবিহীত সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী লক্ষীপুর ইসলামীয়া আলিম মাদ্রাসা'র অধ্যক্ষ। আমি অত্র প্রতিষ্ঠানের শুরু হইতে অদ্যাবধি প্রতিষ্ঠান প্রধানের দায়িত্ব সুনামের সাথে পালন করিয়া আসিতেছি এবং আমার চাকুরী আর মাত্র কয়েক মাস আছে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় এই যে, স্থানীয় কয়েকজন ব্যাক্তি তাদের স্বার্থ চরিতার্থ হাসিল করার জন্য তাদের কথা মোতাবেক একটি এডহক কমিটি গঠন করেন। সেই এডহক কমিটির মাধ্যমে বেআইনীভাবে আমাকে গত ২৭/০৫/২০২৫ইং তারিখে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। অথচ এডহক কমিটি বা মাদ্রাসা বোর্ডের আদেশ ব্যাতিরেকে প্রতিষ্ঠান প্রধানকে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করতে পারেন না। (কপি সংযুক্ত) শিক্ষা মন্ত্রণালয়ের আদেশ ৬০ (ষাট) দিনের বেশি সময় ধরে বরখাস্ত রাখলে তিনি বেতন-ভাতা সমূদয় প্রাপ্ত হবেন। (কপি সংযুক্ত) আরো দুঃখের বিষয় যে, উপাধক্ষ্য থাকা স্বত্ত্বেও তাকে ভারপ্রাপ্ত দায়িত্ব না দিয়ে আরবিটেশন বোর্ডের মাধ্যমে বোর্ড কর্তৃক চাকুরীচ্যুত ব্যাক্তিকে বোর্ডের আদেশ ছাড়াই **(আব্দুল হাকিম সরকার,প্রভাষক-ইসলামের ইতিহাস-ইনডেক্স নং** R-692527) তাকে নিয়োগ দিয়ে ভারপ্রাপ্ত অধ্যক্ষ বানানো হয়েছে। (কপি সংযুক্ত) যাহা স্বেচ্ছাচারিতা, অন্যায়-অনিয়ম ও সম্পুর্ন বেআইনী কার্যকলাপ বটে।

অতএব, মহোদয়ের সমীপে আকুল আবেদন এই যে, উপরোক্ত বিষয়টি সুষ্ঠু তদন্তপুর্বক পর্যালোচনা করে সঠিক সিদ্ধান্ত দিয়ে প্রতিষ্ঠানটিকে স্বেচ্ছাচারি ব্যাক্তিদের হাত থেকে রক্ষা করার জন্য মহোদয়ের নেক দৃষ্টি কামনা করছি।

নিবেদক-

১৯/০৮/২৫ইং

মোঃ আব্দুল মতিন সরকার
অধ্যক্ষ
লক্ষীপুর ইসলামীয়া আলিম মাদ্রাসা
আটোয়ারী, পঞ্চগড়
মোবাইল : ০১৭১২৩৪৯৮২০

(মাওঃ আঃ মতিন সরকার)
অধ্যক্ষ
লক্ষীপুর ইসলামীয়া আলিম মাদ্‌রাসা
আটোয়ারী, পঞ্চগড়।

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/সংস্থাপন/আপিল এন্ড আরবিট্রেশন/ ৫৮৯ — তারিখ: ৩১ বৈশাখ ১৪৩০ / ১৪ মে ২০২৩

বিষয় : পঞ্চগড় জেলার আটোয়ারি উপজেলাধীন লক্ষীপুর ইসলামিয়া আলিম মাদ্রাসার প্রভাষক (ইসলামের ইতিহাস) জনাব মো: আব্দুল হাকিম এর চাকুরী থেকে অপসারণ অনুমোদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সূত্র : মাদ্রাসা কর্তৃপক্ষের ০৬/০৬/২০২২ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, পঞ্চগড় জেলার আটোয়ারি উপজেলাধীন লক্ষীপুর ইসলামিয়া আলিম মাদ্রাসার প্রভাষক (ইসলামের ইতিহাস) জনাব মো: আব্দুল হাকিম এর চাকুরী থেকে বরখাস্ত অনুমোদনের বিষয়টি গত ১২.০৪.২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত বোর্ডের আপিল ও সালিশ কমিটির সভায় উপস্থাপন করা হয়।

বিগত ১২/০৪/২০২৩ খ্রি. রোজ বুধবার অনুষ্ঠিত আপিল ও সালিশ কমিটির সভায় উভয় পক্ষ উপস্থিত হন। উভয় পক্ষের উপস্থিতিতে প্রভাষক (ইসলামের ইতিহাস) জনাব মো: আব্দুল হাকিম এর বিরুদ্ধে আনীত অভিযোগ বিষয়ে আলোচনা ও কাগজপত্র পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে জনাব মো: আব্দুল হাকিম এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের সত্যতা প্রমাণিত হয়। আনীত অভিযোগসমূহ তদন্তের জন্য বেসরকারি মাদ্রাসা শিক্ষকগণের চাকুরির শর্ত বিধিমালা-১৯৭৯ এর বিধি-১৪(১) অনুসারে কারন দর্শানোসহ বিধি-১৪(২) ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের প্রজ্ঞাপন নং-বামাশিবো/সংস্থা/৮১৫-ও-১/১৪(১৪) সার্বিক (খ); তারিখ: ২৫.১০.২০১২ খ্রি. অনুসারে তদন্ত কমিটি গঠন করা হয়।

বর্ণিত অবস্থায় আপিল ও সালিশ কমিটির সুপারিশের প্রেক্ষিতে জনাব মো: আব্দুল হাকিম এর বিরুদ্ধে বেসরকারি মাদ্রাসা শিক্ষকগণের চাকরির শর্ত বিধিমালা-১৯৭৯ এর বিধি-১১ (ই)- এ উল্লেখিত শাস্তি (চাকুরী থেকে বরখাস্ত) আরোপের বিষয়টি অনুমোদন করা হলো এবং বিধি ১২ অনুযায়ী কর্তৃপক্ষকে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৪.০৫.২৩

(প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান)
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

প্রাপকঃ
১) সভাপতি, পরিচালনা কমিটি, লক্ষীপুর ইসলামিয়া আলিম মাদ্রাসা, আটোয়ারি, পঞ্চগড়;
২) অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, লক্ষীপুর ইসলামিয়া আলিম মাদ্রাসা, আটোয়ারি, পঞ্চগড়;
৩) জনাব মো: আব্দুল হাকিম, লক্ষীপুর ইসলামিয়া আলিম মাদ্রাসা, আটোয়ারি, পঞ্চগড়;

নং-বামাশিবো/সংস্থাপন/আপিল এন্ড আরবিট্রেশন/ — তারিখ: বৈশাখ ১৪৩০ / মে ২০২৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা ;
২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা;
৩। জেলা শিক্ষা অফিসার, পঞ্চগড়;
৪। উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারি, পঞ্চগড়;
৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আটোয়ারি, পঞ্চগড়;
৬। সদস্যবৃন্দ-পরিচালনা কমিটি, লক্ষীপুর ইসলামিয়া আলিম মাদ্রাসা, আটোয়ারি, পঞ্চগড়;
৭। ম্যানেজার, সোনালী/রুপালী/জনতা/অগ্রণী ব্যাংক লি:..................শাখা, আটোয়ারি, পঞ্চগড়;
৮। পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯। অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)
উপ রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

## কোন শিক্ষককে ৬০ দিনের বেশি সাময়িক বরখাস্ত না রাখার নির্দেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫.৬৯৪ তারিখ : ২২ শ্রাবণ ১৪২৪ / ০৬ আগস্ট ২০১৭

**বিষয়: রিটপিটিশন নং-৩৬৫৭/২০১৫ এর রায় বাস্তবায়ন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট ডিভিশন এর রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ এর রায়ে বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষককে ৬০ দিনের বেশি সাময়িক বরখাস্ত না রাখার নির্দেশনা প্রদান করা হয়েছে এবং ৬০ দিনের বেশি সাময়িক বরখাস্ত রাখা হলে তিনি বেতন ও অন্যান্য ভাতা সমুদয় প্রাপ্য হবেন। বিষয়টি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।

স্বা/-৬/৮/১৭
(সালমা জাহান)
যুগ্মসচিব
ফোন : ৯৫৫০৩৪১
ই-মেইল: ds sec2@moedu.gov.bd

০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ যশোর/কুমিল্লা/ সিলেট/ বরিশাল/ দিনাজপুর।

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫.৬৯৪ তারিখ : ২২ শ্রাবণ ১৪২৪ / ০৬ আগস্ট ২০১৭

অনুলিপি:
০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব, (বেসরকারি মাধ্যমিক/সরকারি মাধ্যমিক/কলেজ), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্বা/-৬/৮/১৭
(সালমা জাহান)
যুগ্মসচিব

(ডি) চাকুরি হতে অপসারণ;
(ই) চাকুরি হতে বরখাস্ত;
ব্যাখ্যা:- পেশাগত অসদাচরণ বলতে বুঝাবে-
(এ) শ্রেণী কক্ষে উপস্থিতির (ক্লাস গ্রহণের) ক্ষেত্রে ও অন্যান্য দায়িত্বে সময়ানুবর্তিতার অভাব;
(বি) বিনা অনুমতিতে কর্তব্য কাজে অনুপস্থিতি
(সি) ছুটিতে গিয়ে অননুমোদিতভাবে (পূর্ব অনুমোদন ব্যতিরেকে) ছুটির মেয়াদ বর্ধিতকরণ।
(ডি) রাজনৈতিক বা ব্যক্তিগত সুবিধা লাভের উদ্দেশ্যে এমন কোন কাজ করা যাতে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে শিক্ষকের বা ছাত্রের এক অংশকে কোন অংশের বিরুদ্ধে উত্তেজিত করতে প্রভাবিত করে।
(ই) শিক্ষক বা ছাত্রের মধ্যে বিশৃঙ্খলা বা নৈতিক অবক্ষয় সৃষ্টি করে এমন কোন কাজে লিপ্ত হওয়া।
(এফ) একাকি বা সম্মিলিতভাবে গভার্ণিং বডি/ ম্যানেজিং কমিটি বা অধ্যক্ষ/ তত্ত্বাবধায়ক এর আইন সঙ্গত নির্দেশ অমান্য করা।
(জি) মাদ্রাসার সম্পত্তির বেআইনী ব্যবহার; এবং
(এইচ) এরূপ কার্য করা যা বোর্ড কর্তৃক মাদ্রাসার স্বার্থের পক্ষে ক্ষতিকর বলে বিবেচিত।

১২। **শাস্তি প্রয়োগের ক্ষমতা**:- বিধি-১১ অনুযায়ী, শাস্তি প্রদানের ক্ষমতা নিয়োগদানের ক্ষমতা সম্পন্ন কর্তৃপক্ষের উপর ন্যস্ত থাকবে। তবে আপীল ও সালিসি কমিটি কর্তৃক শাস্তির প্রস্তাব পরীক্ষা ও বোর্ড কর্তৃক অনুমোদন ব্যতিরেকে কোন শিক্ষকের উপর বরখাস্ত বা অপসারণ এর শাস্তি আরোপ করা যাবে না।

১৩। **সাময়িক বরখাস্ত**- (১) কোন শিক্ষকের বিরুদ্ধে তদন্ত চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ তাকে সাময়িক বরখাস্ত করতে পারেন।

(২) সাময়িক বরখাস্তকালীন একজন শিক্ষক বেতনের অর্ধেক খোরাকি ভাতা হিসেবে পাবেন। সাময়িক বরখাস্তকারী কর্তৃপক্ষের বিনা অনুমতিতে সাময়িক বরখাস্তকৃত শিক্ষক তার কর্মস্থল ত্যাগ করতে পারবেন না।

১৪। **কার্যক্রম গ্রহণের পদ্ধতি**:- (১) বিধি- ১১ তে বর্ণিত কোন অপরাধে কোন শিক্ষকের বিরুদ্ধে কার্যক্রম গ্রহণের পদক্ষেপ নেওয়া হলে, তাকে সাত দিনের মধ্যে লিখিত ব্যাখ্যাদানের জন্য নোটিশ দিতে হবে যে, আনীত অভিযোগে কেন তাকে নোটিশে বর্ণিত শাস্তি বা শাস্তিসমূহ দেওয়া হবে না এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানি দিতে চান কিনা তাও উল্লেখ থাকবে।

(২) অভিযুক্তের জবাব পাবার পর এবং ব্যক্তিগত শুনানির আগ্রহ আছে, তা জানার পর কর্তৃপক্ষ একজন সভাপতিসহ তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করবেন।

তবে শর্ত থাকে যে, শিক্ষকদের মধ্যে থেকে একজন সদস্য কমিটিতে অন্তর্ভূক্ত থাকবেন।

১৫। **চাকুরি হতে অব্যাহতি**: কোন শিক্ষক স্বাস্থ্যগত কারণে শিক্ষকতা কার্যে অপরাগ হলে, অথবা আর্থিক কারণে গভার্ণিং বডি অথবা ম্যানেজিং কমিটি কোন শিক্ষকের পদ বিলুপ্ত করলে সংশ্লিষ্ট শিক্ষককে চাকুরি হতে অব্যাহতি দেওয়া যেতে পারে।

তবে শর্ত থাকে যে, কোন শিক্ষককে স্বাস্থ্যগত কারণে চাকুরি হতে অব্যাহতি দেওয়া যাবে না, যদি না এ উদ্দেশ্যে ম্যানেজিং কমিটি কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড এ রূপ সুপারিশ করে।

১৬। **ছুটি**:- কোন শিক্ষক কোন মাদ্রাসায় এক নাগাড়ে দু' বছর চাকুরি না করলে নৈমিত্তিক ছুটি ছাড়া কোন ছুটি প্রাপ্য হবে না। তবে শর্ত থাকে যে, এ দু'বছর সময়ে চিকিৎসাগত কারণে কোন শিক্ষক অনধিক ১৫ দিনের ছুটি নিতে পারবেন।

১৭। **নৈমিত্তিক ছুটি**:- বেসরকারি মাদ্রাসার শিক্ষকগণ সরকারি মাদ্রাসার শিক্ষকের মত (বছরে ২০ দিন) নৈমিত্তিক ছুটি পাবেন।

সংশোধিত/Corrected

ZZMEE

# Government of the People's Republic of Bangladesh

Office of the Registrar, Birth and Death Registration

Garinabari Union Parishad

Panchagarh Sadar, Panchagarh

(Rule 9, 10)

## জন্ম নিবন্ধন সনদ / Birth Registration Certificate

| Date of Registration | Birth Registration Number | Date of Issuance |
|---|---|---|
| 14/10/2007 | 19667717343016837 | 15/03/2018 |

Date of Birth : 25/07/1966 Sex : Male

In Word : Twenty Fifth of July Nineteen Sixty Six

| | | | |
|---|---|---|---|
| নাম | : আব্দুল মতিন সরকার | Name | : Abdul Matin Sarker |
| মাতা | : মোছাঃ জামেনা খাতুন | Mother | : Mst Jamena Khatun |
| মাতার জাতীয়তা | : বাংলাদেশী | Nationality | : Bangladeshi |
| পিতা | : আব্দুল মজিদ সরকার | Father | : Abdul Majid Sarker |
| পিতার জাতীয়তা | : বাংলাদেশী | Nationality | : Bangladeshi |
| জন্মস্থান | : পঞ্চগড়, বাংলাদেশ | Place of Birth | : Panchagarh, Bangladesh |
| স্থায়ী ঠিকানা | : মহলাগজ ফুটকিবাড়ী-৫০৪১, গরিনাবাড়ী, পঞ্চগড় সদর, পঞ্চগড় | Permanent Address | : Mohulagoj Futkibari-5041, Garinabari, Panchagarh Sadar, Panchagarh |

মোঃ আনিসুর রহমান
সচিব
১০নং গড়িনাবাড়ি ইউনিয়ন পরিষদ
পঞ্চগড় সদর, পঞ্চগড়

Seal & Signature
Assistant to Registrar
(Preparation, Verification)

Seal & Signature
Registrar